# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮.৩.৭. উপদেশের মধ্যে অশালীন বর্ণনা কি খুবই জরুরি?

বাইবেলে অনেক স্থানে পাপ থেকে সতর্ক করতে পাপের এমন বর্ণনা দেওয়া হয়েছে যা বাহ্যত অশোভন। যেমন ব্যভিচার থেকে সতর্ক করতে উলঙ্গতা ও স্তনযুগলের বর্ণনা: ‘‘তোমরা বিবাদ কর, তোমাদের মাতার সহিত বিবাদ কর, কেননা সে আমার স্ত্রী নয়, এবং আমিও তাহার স্বামী নই; সে আপনার দৃষ্টি হইতে আপন বেশ্যাচার, এবং আপনার স্তনযুগলের মধ্য হইতে আপন ব্যভিচার দূর করুক। নতুবা আমি তাহাকে বিবস্ত্রা করিব, সে জন্মদিনে যেমন ছিল, তেমনি করিয়া রাখিব।’’ মো.-০৬: ‘‘তোমাদের মাকে বকুনি দাও, বকুনি দাও তাকে, কারণ সে আমার স্ত্রী নয় এবং আমিও তার স্বামী নই। সে তার চোখের চাহনি থেকে বেশ্যাগিরি ও তার বুক থেকে জেনা  দূর করুক। তা না হলে আমি তাকে উলংগ করে দেব এবং সে তার জন্মের দিনে যেমন উলংগ ছিল তেমনি করব।’’ (হোসিয়া ২/২-৩)

বিভিন্ন প্রসঙ্গে নগ্নতা, উলঙ্গতা বা নগ্ন নারীদেহের বর্ণনা ব্াইবেলে ব্যাপক।

খারাপ মেয়েদের থেকে দূরে থাকার উপদেশ দিয়ে বাইবেল বলছে: ‘‘যুবকদের মধ্যে আমি এমন একজন যুবককে লক্ষ্য করলাম যার বুদ্ধির অভাব ছিল। সে সেই স্ত্রীলোকের বাড়ীর কাছের রাস্তা দিয়ে যাচ্ছিল, তারপর সে তার বাড়ীর দিকের গলিতে গিয়ে ঢুকল; তখন দিনের আলো যাবার পর সন্ধ্যা হয়ে রাতের গভীর অন্ধকার নেমে এসেছিল। সেই সময় একজন স্ত্রীলোক তার সাথে দেখা করতে বের হয়ে আসল; তার পরনে বেশ্যার পোশাক, আর তার অন্তর ছিল বেদনায় ভরা। সে বিপথে যাওয়া স্ত্রীলোক, জোরে জোরে কথা বলে, তার পা কখনও ঘরে থাকে না; কখনও রাস্তায়, কখন বাজারে, প্রত্যেকটি মোড়ে সে ওৎ পেতে থাকে। সে সেই যুবককে ধরে চুমু দিল আর বেহায়া মুখে বলল, ‘আমার ঘরে যোগাযোগ-কোরবানীর মাংস আছে, আজকেই আমি মানত পূরণ করেছি। তাই আমি তোমার সংগে দেখা করবার জন্য বের হয়ে এসেছি; আমি তোমার তালাশ করে তোমাকে পেয়েছি।  মিসর দেশের বিভিন্ন রংয়ের কাপড়ের তৈরী চাদর দিয়ে আমি বিছানা ঢেকেছি; গন্ধরস, অগুরু আর দারচিনি দিয়ে আমার বিছানা সুগন্ধযুক্ত করেছি। এস, আমরা সকাল পর্যন্ত দেহ-ভোগে মেতে থাকি  (কেরি: কামরসে মত্ত থাকি), গভীর ভালবাসার মধ্যে আনন্দ ভোগ করি। আমার স্বামী বাড়ীতে নেই, তিনি দূরে যাত্রা করেছেন; তিনি থলে ভরে টাকা নিয়েছেন, পূর্ণিমার আগে ঘরে ফিরবেন না।’’ (মেসাল/ হিতোপদেশ ৭/৭-২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন